Attendance letter - telephone interpreter service

# উপস্থিতি চিঠি - টেলিফোন দোভাষী পরিষেবা

ছাত্রের নাম
Name of student

প্রিয় পিতামাতা/পরিচর্যাকারী

সংযুক্ত চিঠিটিতে স্কুলে আপনার সন্তানের উপস্থিতি সম্পর্কে আমাদের উদ্বেগের বিবরণ রয়েছে।

NSW শিক্ষা আইন (1990) অনুসারে পিতামাতা/পরিচর্যাকারীদের নিশ্চিত করতে হবে যে তাদের সন্তানরা স্কুল খোলা থাকার প্রতিটি দিন স্কুলে উপস্থিত হবে যদি না তারা অসুস্থ হয় বা অধ্যক্ষ অন্য কোনও কারণে ছুটি অনুমোদন করেন। যদি আপনার সন্তান অনুপস্থিত থাকে তবে অনুপস্থিতির সাত দিনের মধ্যে আপনাকে একটি ব্যাখ্যা প্রদান করতে হবে।

সংযুক্ত চিঠিটি বুঝতে যদি আপনার অসুবিধা হয় তবে অনুগ্রহ করে আমাদের সাথে যোগাযোগ করুন যাতে আমরা আপনাকে আমাদের সহায়তা দিতে পারি।

আমাদের সাথে যোগাযোগ করার সময় আপনার যদি দোভাষীর সহায়তার প্রয়োজন হয় তবে অনুগ্রহ করে 131 450 নম্বরে কল করুন এবং আপনার ভাষায় একজন দোভাষীর জন্য জিজ্ঞাসা করুন। আপনি যে ফোন নম্বরটি কল করতে চান তা অপারেটরকে বলুন এবং তারা আপনার কথোপকথনে আপনাকে সহায়তা করার জন্য লাইনে একজন দোভাষীর ব্যবস্থা করবেন। এই পরিষেবার জন্য আপনাকে কোনও অর্থ দিতে হবে না।

স্কুলে যোগাযোগকারী ব্যক্তির নাম
Name of school contact person

স্কুলে যোগাযোগকারী ব্যক্তির ফোন নম্বর
School contact person phone number



NSW GOVERNMENT